

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৪৫.২০১৯-৩২৭৩/৬ তারিখঃ ২৪/০৪/১৪২৬ বঙ্গাব্দ  
৬/০৪/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোলা জেলার তজুমদ্দিন উপজেলার তজুমদ্দিন ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬; তারিখ: ০৬/০৬/২০১১খ্রি. এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪; তারিখ: ০৯/০৭/২০১১খ্রি. এর পরিপত্র লক্ষন করে ভোলা জেলার তজুমদ্দিন ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে বঞ্চিত করে একজন জুনিয়র শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করায় কলেজে শৃংখলা নষ্ট হওয়ার আশংকা বিরাজ করছে বলে নব্য জাতীয়করণকৃত তজুমদ্দিন সরকারি কলেজে সিনিয়র শিক্ষককে অধ্যক্ষ পদে মনোনয়ন দেয়ার জন্য সংসদ সদস্য জনাব নুরনূবী চৌধুরী, ১১৭ ভোলা-৩ সদস্য, পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ ডিও লেটার প্রদান করেন। বর্ণিত কলেজে উপাধ্যক্ষ পদটি শূন্য রয়েছে। প্রতিষ্ঠানে ৩৩ জন সহকারী অধ্যাপক/প্রভাষক কর্মরত আছে।

আবেদনের সাথে হালনাগাদ শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা প্রেরণ করেননি। শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা না থাকায় শিক্ষকদের জ্যেষ্ঠতা নির্ণয় করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, মাউশি অধিদপ্তরের নির্ধারিত ছকে (নাম, ১ম এমপিভুক্তির তারিখ, ১ম যোগদানের তারিখ ও জন্মতারিখ উল্লেখ পূর্বক) বর্ণিত কলেজের শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরে জরুরী ভিত্তিতে পত্র জারির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
তজুমদ্দিন ডিগ্রি কলেজ  
তজুমদ্দিন, ভোলা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। নুরনূবী চৌধুরী, সংসদ সদস্য, ১১৭ ভোলা-৩, সদস্য, পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা।
- ৩। সংরক্ষণ কপি।